দৈনিক ইত্তেফাক



তারিখ ... ... ...NOV. 07.1999
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# ভর্তির একটি ফরমের জন্য সারারাত স্কুল প্রাঙ্গণে অপেক্ষা

চট্টগ্রাম অফিস ॥ সন্তানদের ভাল শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করার ব্যাকুলতা সকল অভিভাবকের। এই ব্যাকুলতার এক নজীরবিহীন দৃষ্টান্ত সৃষ্টি হইয়াছে এখানে। গতকাল শনিবার চট্টগ্রামে মাত্র ৩ বৎসর পূর্বে প্রতিষ্ঠিত একটি ইংলিশ মিডিয়াম স্কুলের কেজি-১ শ্রেণীতে ভর্তির আবেদনপত্র (ফরম) সংগ্রহের জন্য শুক্রবার বিকাল হইতে সারারাত ধরিয়া শত শত অভিভাবক স্কুল প্রাঙ্গণে অপেক্ষায় কাটাইয়াছে। ইহার পরও অধিকাংশ অভিভাবক ফরম না পাইয়া হতাশ হইয়া ফিরিয়াছে। কারণ স্কুল কর্তৃপক্ষ আগেই ঘোষণা দিয়াছিল 'আগে আসিলে আগে' ভিত্তিতে শনিবার মাত্র ৬০টি ফরম বিলি করা হইবে। ইহাদের মধ্যে যথারীতি

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ভর্তির ১টি ফরমের জন্য

(শেষ পৃষ্ঠার পর)

ইন্টারভিউর পর যোগ্য বিবেচিত হইলে ২৬ জনকে ভর্তি করা হইবে। এ স্কুলে কোন অনুরোধ-সুপারিশ চলে না। স্কুলটির নাম উইলয়াম ক্যারি একাডেমী। প্রিন্সিপাল মিসেস মরলো লং সহ ১০ জন মার্কিনী পেশাজীবী শিক্ষক এবং সমসংখ্যক স্থানীয় শিক্ষক দিয়া স্কুলটির ৬টি শ্রেণীতে ২শত শিশুকে শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। স্কুলটির নিয়মানুবর্তিতা ও শিক্ষাকার্যক্রম মাত্র ৩ বৎসরের মধ্যে স্থানীয় অভিভাবকদের নজর কাড়িয়াছে। এই স্কুলের ফি অন্যান্য ইংলিশ মিডিয়াম স্কুলের চাইতে যেমন কম তেমনি লেখাপড়ার জন্য বই-খাতা, ব্যাগ সবই স্কুল হইতে সরবরাহ করা হয়। আবার ছাত্র-ছাত্রীদের হোম-ওয়ার্কের চাপও নাই। প্রিন্সিপাল মিসেস লং জানান, বর্তমানে তাহারা প্রতি বৎসর ১টি করিয়া শ্রেণী বাড়াইতেছে এবং 'এ' লেভেল পর্যন্ত উন্নীত করা হইবে।